

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ/১৪ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.২৭.০০২.১৮-২৯১—The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972)-এর Article 91A-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীমকোর্টের সাথে পরামর্শক্রমে ২৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখের নং ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২০-১৩৯ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের ৩১ গাইবান্ধা-৩, ১৮৩ ঢাকা-১০ ও ৯৮ বাগেরহাট-৪ আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের লক্ষ্যে নিম্নতফসিলের ১নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার জন্য ৩নং কলামে বর্ণিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” গঠন করল :

“তফসিল”

নির্বাচনি এলাকা নম্বর ও নাম	নির্বাচনি এলাকার বিস্তৃতি	বিচার বিভাগীয় কর্মকর্তাগণের নাম, পদবি ও বর্তমান কর্মস্থল
১	২	৩
৩১ গাইবান্ধা-৩	(ক) সাদুল্যাপুর উপজেলা এবং (খ) পলাশবাড়ী উপজেলা	জনাব মোঃ রেজাউল করিম যুগ্ম জেলা ও দায়রা জজ, গাইবান্ধা। জনাব মোঃ নূরুল হক সহকারী জজ, গাইবান্ধা।

(২৯২৫)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩
১৮৩ ঢাকা-১০	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ড-১৪, ১৫ ও ১৮ (ধানমন্ডি থানা) এবং ১৬, ১৭ ও ২২ (হাজারীবাগ থানা)	জনাব উৎপল ভট্টাচার্য্য যুগ্ম জেলা ও দায়রা জজ, ঢাকা। জনাব জহিরুল আলম সহকারী জজ, ঢাকা।
৯৮ বাগেরহাট-৪	(ক) শরনখোলা উপজেলা এবং (খ) মোড়েলগঞ্জ উপজেলা	জনাব মোঃ শাহিনুর রহমান যুগ্ম জেলা ও দায়রা জজ, বাগেরহাট। জনাব লস্কার সোহেল রানা সিনিয়র সহকারী জজ, বাগেরহাট।

০২। “নির্বাচনি তদন্ত কমিটি (Electoral Enquiry Committee)” এর কর্মকর্তাগণ বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ শরীফ হোসেন হায়দার
উপসচিব (আইন)।